



নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
Phone: +8802997735019

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০০৯.৩১.০০০৩.২৩.১৬৪

তারিখ: ২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষ, ১ম সেমিস্টার
ফাইনাল পরীক্ষা-২০২৫ এর সময়সূচি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষ, ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৫ নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ প্রয়োজনে এই পরীক্ষার সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পরীক্ষার সময়সূচি

Date & Day	Time	Course Code	Course Title	Center
14/01/2026 Wednesday	10.00 am-1.00 pm	CSE-1101	Structured Programming Language	CSE 403 B
18/01/2026 Sunday	10.00 am-1.00 pm	CSE-1102	Discrete Mathematics	CSE 403 B
22/01/2026 Thursday	10.00 am-1.00 pm	MATH-1105	Differential and Integral Calculus	CSE 403 B
25/01/2026 Sunday	10.00 am-1.00 pm	PHY-1104	Physics	CSE 403 B
29/01/2026 Thursday	10.00 am-1.00 pm	EEE-1103	Electrical Circuits	CSE 403 B
01/02/2026 Sunday	10.00 am-1.00 pm	ENG-1106	Teaching and Communicative English	CSE 403 B

বিশেষ নির্দেশাবলী:-

- পরীক্ষার্থীরা প্রবেশপত্র পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০৩ (তিন) কর্মদিবস পূর্বে স্ব-স্ব বিভাগ থেকে সংগ্রহ করবে।
- পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- পরীক্ষা শুরুর ০১ (এক) ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষার হলে মোবাইল ফোন, স্মার্ট ঘড়ি, ব্যাগ, বই, লিখিত নোট বা অন্য কোনো অননুমোদিত উপকরণ/ইলেক্ট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ; এসব পাওয়া গেলে তা পরীক্ষায় শৃঙ্খলা ভঙ্গজনিত অপরাধ হিসেবে গণ্য হবে।
- প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ছাড়া কোনোভাবেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও ইনভিজিলেটরগণ নকল প্রতিরোধে সর্বদা সতর্ক ও তৎপর থাকবেন।
- পরীক্ষার সময় নকল বা অনৈতিক কোনো কার্যকলাপে জড়িত পাওয়া গেলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পরিচালনা ও শৃঙ্খলা বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার পরিবেশ সুষ্ঠু ও নকলমুক্ত রাখতে সকলের সহযোগিতা কাম্য।
- নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭-১২-২০২৫
মোহাম্মদ এমদাদুল হক
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

- ৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। অফিস নথি, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।

